

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
শাখা-০২৪ (অভিবাসী কল্যাণ)
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০২৪.০০.০০৪.১৭. ৪০৯

তারিখঃ ২৭/০৭/২০১৭ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

এতদ্বারা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৫ অনুযায়ী নিম্নবর্ণিত তিনটি ক্যাটাগরিতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) ২০১৮ নির্বাচনের লক্ষ্যে আর্থহী ও যোগ্যতাসম্পন্ন সকল অনাবাসি বাংলাদেশির নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রম	ক্যাটাগরি	সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
১।	সিআইপি (এনআরবি) শিল্পখাতে বিনিয়োগকারী :	সর্বোচ্চ ২০ জন	(ক) ২০১৬-২০১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন ২০১৭) বাংলাদেশের শিল্পখাতে মূলধন হিসাবে ৩,০০,০০০ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদুর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা সরাসরি বিনিয়োগ ; (খ) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নধীন হলে যন্ত্রপাতি আমদানির প্রমাণপত্র, যেমন-বিল অব ল্যাডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রার লেনদেন।
২।	সিআইপি (এনআরবি) বৈদেশিক মুদ্রা প্রেরণকারী :	সর্বোচ্চ ৫০ জন	২০১৬-২০১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন ২০১৭) অপ্রত্যাভাসনযোগ্য ন্যূনতম ২,০০,০০০ (দুই লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরণ।
৩।	সিআইপি (এনআরবি) আমদানিকারক :	সর্বোচ্চ ২০ জন	২০১৬-২০১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন ২০১৭) বাংলাদেশ হতে ন্যূনতম ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার (FOB) বাংলাদেশি পণ্য আমদানি।

শর্তাবলী :-

- আগামী ১ আগস্ট হতে ৩১ আগস্ট, ২০১৭ তারিখের মধ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.probashi.gov.bd) এর মাধ্যমে অনলাইন-এ অথবা ক্যাটাগরিভিত্তিক নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় প্রমাণকসহ সরাসরি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে অথবা সংশ্লিষ্ট মিশনে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি, TIN সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি, পাসপোর্টের ফটোকপি, বিদেশে অবস্থানের প্রমাণক সংযুক্ত করতে হবে।
- আর্থহী ও যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে প্রতিটি ক্যাটাগরিতে আবেদনের সাথে নিম্নোক্ত প্রয়োজনীয় সকল প্রমাণক দাখিল করতে হবেঃ

ক) ক্যাটাগরি-১: সিআইপি (এনআরবি) [শিল্পখাতে বিনিয়োগকারী]


- ২০১৬-১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন ২০১৭) বাংলাদেশের শিল্পখাতে মূলধন হিসেবে ০৩ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদুর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা বিনিয়োগের প্রমাণক;
- উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রা লেনদেনের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট দেশের এবং বাংলাদেশের ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র;
- শিল্পপ্রতিষ্ঠানটি বাস্তবায়নধীন হলে যন্ত্রপাতি প্রেরণে উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রা লেনদেনের প্রমাণক যেমন-বিল অব ল্যাডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদির সত্যায়িত কপি;

খ) ক্যাটাগরি-২: সিআইপি (এনআরবি) [বৈদেশিক মুদ্রা প্রেরণকারী]

২০১৬-১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন ২০১৭) ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে ন্যূনতম ২,০০,০০০ (দুই লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা বাংলাদেশে প্রেরণের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট দেশের এবং বাংলাদেশের ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র;

গ) ক্যাটাগরি-৩: সিআইপি (এনআরবি) আমদানিকারক ক্যাটাগরি:

১. আমদানিকৃত পণ্যের বিবরণ উল্লেখসহ ২০১৬-১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন ২০১৭) বাংলাদেশ হতে ন্যূনতম ৩ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা মূল্যমানের পণ্য আমদানির প্রমাণক;
 ২. যে প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের অন্তর্কূলে বাংলাদেশ হতে পণ্য আমদানি করা হয়েছে সে প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের মালিকানা সংক্রান্ত কাগজ-পত্র এবং উক্ত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহে আবেদনকারীর সম্পৃক্ততা;
 ৩. উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রা লেনদেন প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট দেশের এবং বাংলাদেশের ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র;
 ৪. অধিক মূল্য সংযোজন সম্পন্ন পণ্য (Higher Value Added Product) আমদানীর প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) ;
- ৫। অনলাইনে আবেদন ফরম পূরণের জন্য www.probash.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে প্রয়োজনীয় নির্দেশনা অনুযায়ী আবেদনপত্র পূরণ ও জমা প্রদান করতে হবে।
- ৬। ক্যাটাগরি ভিত্তিক আবেদনের নির্ধারিত ফরম এবং বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নীতিমালা-২০১৫ এর কপি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.probash.gov.bd এ পাওয়া যাবে।
- ৭। নির্ধারিত সময় (৩১ আগস্ট, ২০১৭ তারিখ) এর পর দাখিলকৃত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।
- ৮। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৯। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল কিংবা এতদসংক্রান্ত সকল কার্যক্রম বাতিল/স্থগিত করার অধিকার সংরক্ষণ করেন।


(মোহাম্মদ শাহজাহান মিয়া)
সহকারী সচিব
ফোন-৪৯৩৫৭১১৮
e-mail:welfare6@probash.gov.bd